# অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

## মন্ত্রণালয়/বিভাগের নাম-বিআইডব্লিউটিএ

মাসের নামঃ জুন/২০২৫

| পূর্ব মাসের অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগ | | মোট অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্রযোগে | অনলাইনে | | | | | |
| ২টি | নাই | ৩টি | ৫টি | ১টি | ৪টি | **পূর্ব মাসের ১টি নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণঃ**<br><br>১। ট্রাকিং নম্বর-১৬২১৯১৬৫৪৯০০০২ তারিখঃ ১৮/০৫/২০২৫ এর মাধ্যমে জনাব খালেদ সাইফুল্লাহ কাউসার (মোবাইল নং-০১৬২১৯১৬৫৪৯) কর্তৃক বিআইডব্লিউটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) আওতায় একটি অভিযোগ দাখিল করা হয় । অভিযোগ পত্রে উল্লেখ করা হয় যে, তৎকালীন আওয়ামীলীগ সরকারের আমলে কাউনদিয়া ব্রিজের বাজেট পাস হয়। আওয়ামীলীগ সরকার পতনের পর দেশে নির্বাচিত সরকার না থাকায় স্থানীয় দালাল এবং বালু ভরাট মালিকদের সাথে নৌপরিবহন মন্ত্রণালয়ের কিছু অবৈধ কর্মকর্তা মিলে কাউনদিয়া ব্রিজের চলমান নিমার্ণ কাজটি বন্ধ করে দেয়। কারণ হিসেবে উল্লেখ করা হয়, ব্রীজের উচ্চতা কম। অথচ তুরাগ নদীর উপর নির্মিত একই লাইনের বিরুলিয়া ব্রীজটি একই উচ্চতার। কাউনদিয়া এলাকার জন্য ব্রীজটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। দৈনন্দিন প্রয়োজনে প্রায় হাজার হাজার মানুষ মিরপুর সহ ঢাকা শহরে চলাচল করে। ব্রীজের কাজটি চলমানে রেখে ব্রীজের নির্মাণ কাজ দ্রুত শেষ করার জন্য তিনি অনুরোধ করেন।<br><br>অভিযোগের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগের মতামত এই যে, বাস্তবতার নিরিখে বিআইডব্লিউটিএ হতে উক্ত সময়ে নৌ-পথের শ্রেণীবিন্যাস সংক্রান্ত গেজেট হালনাগাদ করণের লক্ষ্যে "Determination of Standard High Water Level (SHWL), Standard Low Water Level (SLWL) and Re-Classification of Inland Waterways in Bangladesh" নামে একটি প্রকল্প গ্রহন করা হয় । বর্তমানে উক্ত প্রকল্পের কাজ শেষ করা হয়েছে । যা গেজেট আকারে চূড়ান্ত অনুমোদন প্রক্রিয়াধীন। প্রকল্পটির মাধ্যমে বৃত্তাকার নৌ-পথসহ সারাদেশের নৌ-পথের শ্রেণী পুনর্বিন্যাস করা হয়েছে । উক্ত হালনাগাদ কার্যক্রমের গেজেটে বিদ্যমান বুড়িগঙ্গা ২য় সেতু (বাবুবাজার) হতে শীতলক্ষ্য ও বালু নদীর সংযোগস্থল পর্যন্ত নৌ-পথটিকে তৃতীয় শ্রেণী হতে দ্বিতীয় শ্রেণীতে উন্নীতকরণ করা হয়েছে।<br>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গাবতলী-আশুলিয়া নৌ-পথের নবাবেরবাগ (সিন্নির টেক) এলাকায় তুরাগ নদীতে সংশ্লিষ্ট ব্রীজের নিমার্ণ কাজটি কর্তৃপক্ষে হতে অনাপত্তি পত্র গ্রহণের তারিখ হতে অর্থাৎ ০৭-১২-২০১৫ তারিখের পরে শুরু না করে প্রায় | নাই |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ১০ বছর পর শুরু করা হয়েছে। যা কোনভাবেই গ্রহন যোগ্য নয়। উল্লেখ্য সার্বিক বিবেচনা ও ভবিষ্যত জটিলতা পরিহারের লক্ষ্যে নৌ-পরিবহন মন্ত্রনালয় হতে স্থানীয় সরকার বিভাগের সকল প্রতিষ্ঠানকে গাবতলী-আশুলিয়া নৌ-পথের তুরাগ নদীতে পুনঃবিন্যাসকৃত শ্রেনী অনুযায়ী অর্থাৎ বাবুবাজার সেতু গাবতলী-টংগী-কায়েতপাড়া কাঁচপুর সেতু পর্যন্ত এলাকার নদীর উপর দ্বিতীয় শ্রেণীর উপযোগীতায় স্থাপনা নির্মাণের পরিকল্পনা গ্রহনের জন্য অনুরোধ জানিয়ে ২৪-০২-২০২২ সালে পত্র প্রেরণ করা হয়েছে। তদুপরী নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অনুরোধ উপেক্ষা করে আলোচ্য ব্রীজটির নির্মাণ কাজ ২০২৪ সালের মাঝা-মাঝি সময়ে শুরু করা হয়েছে।<br><br>উপরোক্ত বর্ণনা ও গৃহীত সিদ্ধান্তের আলোকে নৌ-পথের গুরুত্ব অর্থাৎ ঢাকার চারপাশের বৃত্তাকার নৌ-পথে যথাযথ নেভিগেশনাল ক্লিয়ারেন্স বজায় রাখার স্বার্থ বিবেচনায় নিয়ে কর্তৃপক্ষ হতে সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, ঢাকা-কে গাবতলী-আশুলিয়া নৌ-পথের নবাবেরবাগ (সিন্নির টেক) এলাকায় তুরাগ নদীতে সংশ্লিষ্ট ব্রীজের নির্মাণ কাজটি পুনঃবিন্যাসকৃত শ্রেনী অনুযায়ী নির্মাণ করনের নিমিত্তে সংশ্লিষ্ট সংস্থাকে নির্দেশনা প্রদানের জন্য একাধিকবার অনুরোধ পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>এমতাবস্থায়, অভিযোগকারী কর্তৃক উপস্থাপিত বাজেট পাশ হওয়ার পরেও স্থানীয় দালাল এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ে (BIWTA) কিছু অসাধু কর্মকর্তা ও কর্মচারী মিলে কাউনদিয়া ব্রীজের নির্মাণ কাজ বন্ধ করা হয়েছে। এ বিষয়ে অভিযোগটি আনা আদৌ যৌক্তিক নহে বিধায় অভিযোগটি গ্রহনযোগ্য নহে।<br><br>এমতাবস্থায়, অভিযোগটি গত ২৩/০৬/২০২৫ তারিখ নথিজাত করে নিষ্পত্তি করা হয়। | |

২৯/৬/২০২৫
মোঃ আহসান হাবীব
সহকারী সমন্বয় কর্মকর্তা
বিভাগীয় মামলা সেল

২৯/৬/২০২৫
(নাহিদা বিনতে সাঈদ)
উপ-পরিচালক (মানব সম্পদ)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

২৯.০৬.২০২৫
(মোহাম্মদ মিজানুর রহমান)
যুগ্মপরিচালক (মানব সম্পদ)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

২৯/০৬/২০২৫
মোঃ কবির হোসেন
অতিরিক্ত পরিচালক
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

২৯/৬/২০২৫
নামঃ কাজী ওয়াকিল নওয়াজ
পদবীঃ পরিচালক(প্রশাসন ও মানবসম্পদ)
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক)
ফোন-০২২২৩৩৮৪৬৩৪
ই-মেইল dadmin@biwta.gov.bd
বিআইডব্লিউটিএ'র হট লাইন-১৬১১৩।